দৈনিক বাংলা

তারিখ ... 19 NOV 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭

38

## কয়েকটি কলেজের প্রতিবাদ

।। স্টাফ রিপোর্টার ।।

গত ১০ই নবেম্বর দৈনিক বাংলায় 'নাই' কলেজ শিরোনামে প্রকাশিত খবর সম্পর্কে ময়মনসিংহ আনন্দ মোহন কলেজ, সরকারী তোলারাম কলেজ ও মহাদেবপুর ইউনিয়ন ডিগ্রী কলেজ থেকে প্রতিবাদ পাঠানো হয়েছে। প্রতিবাদে বলা হয়, এসব কলেজ থেকে পাস করেনি বলে যে খবর ছাপা হয়েছে তা ঠিক নয়।

এ সম্পর্কে আমাদের বক্তব্য হচ্ছে নারায়ণগঞ্জের সরকারী তোলারাম কলেজের নামটা রিপোর্টে ভুলবশতঃ ছাপা হয়েছে। মহাদেবপুর ইউনিয়ন ডিগ্রী কলেজের নাম রিপোর্টে লেখা হয়নি। রিপোর্টে লেখা হয়েছে মহাদেবপুর ইউনিয়ন কলেজ। এটি সখীপুর কেন্দ্রের আওতাভুক্ত।

ময়মনসিংহ আনন্দ মোহন কলেজের বাণিজ্য শাখার ফলাফল সম্পর্কে ঢাকা বোর্ডের ফলাফল বিবরণীতে ৬৩/৮ পৃষ্ঠায় রয়েছে প্রথম বিভাগ ৫ জন, দ্বিতীয় বিভাগ ২৯ জন এবং তৃতীয় বিভাগে ৪ জন পাস করেছে। কিন্তু ৬৪/৮ পৃষ্ঠায় ময়মনসিংহ আনন্দ মোহন কলেজের নামে লেখা রয়েছে প্রথম বিভাগ নেই, দ্বিতীয় বিভাগ নেই, তৃতীয় বিভাগ নেই।